দৈনিক বাংলা

তারিখ ... 5.12.79 ...
পৃষ্ঠা ... ... ... কলাম ... ... ...

018

# রাজশাহী ফরিদপুর কুষ্টিয়া জেলায় খাল খনন শুরু

দেশের বিভিন্ন অঞ্চলে স্বেচ্ছাশ্রমে পুরনো খাল পুনঃখনন এবং নতুন খাল খননের কাজ এগিয়ে চলেছে। স্বতঃস্ফূর্ত জনগণ ব্যাপক ভাবে অংশ নিচ্ছেন একাজে।

খাদ্য উৎপাদন বৃদ্ধির জন্য প্রেসিডেন্ট জিয়াউর রহমান যে আহবান জানিয়েছেন তার সঙ্গে সঙ্গতিপূর্ণ এসব কর্মসূচীতে জনগণের প্রতিনিধি সরকারী ও আধা-সরকারী কর্মকর্তা, আনসার, পুলিশ, শিক্ষক ছাত্র সকলেই অংশ নিচ্ছেন।

বাসসের খবরে প্রকাশ, স্থানীয় জনগণের মত হল এসব কর্মসূচী বাস্তবায়িত হলে সম্ভাব্য স্বল্প সময়ে খাদ্য উৎপাদন বহুগুণ বৃদ্ধি পাবে।

রাজশাহী থেকে পাওয়া খবরে জানা গেছে রাজশাহী জেলার বিভিন্ন অঞ্চলে হাজার হাজার লোকের স্বেচ্ছাশ্রমে অংশ গ্রহণের মধ্য দিয়ে গত শনিবার ৮টি খাল পুনঃখননের কাজ শুরু হয়েছে। দু মাইল লম্বা বেহুলা-বিলগাছা মহিপুর খাল খনন কর্মসূচীর কাজ শুরু হয়েছে শনিবার। সংসদ সদস্য সরকারী কর্মচারী শিক্ষক ও ছাত্রসহ সর্বস্তরের জনগণ এই কর্মসূচীতে অংশ নিচ্ছেন। এই প্রকল্পের কাজ শেষ হলে তিন হাজার একর জমিতে পানি সেচের সুবিধা হবে।

ফরিদপুর থেকে পাওয়া খবরে জানা গেছে, ফরিদপুর জেলার ৫টি মহকুমায় ৫টি খাল পুনর্খননের কাজ শুরু হয়েছে।